



বিশ্ব পরিবেশ দিবস পালনে রোহিঙ্গা শিবিরের সকল ধরনের প্লাস্টিক ব্যবহার বন্ধ করতে হবে

নুরুল হোসাইন, টেকনাফ::

টেকনাফ উপজেলা শাখার গ্রিন এনভায়রনমেন্ট মুভমেন্টের সভাপতি তারেক মাহামুদ এর সভাপতিত্বে কোস্ট ফাউন্ডেশনের সহকারি পরিচালক জাহাঙ্গীর আলম'র পরিচালনায় কক্সবাজার ও রোহিঙ্গা শিবিরের সকল ধরনের প্লাস্টিক ব্যবহার বন্ধ করতে হবে এবং সুপেয় পানির সংকট প্রতিরোধে ভূ-উপরিষ্ক পানি ব্যবহারের উদ্যোগ চাই শিরোনামে সিভিল সোসাইটি এনজিও ফোরাম, বাংলাদেশ পরিবেশ আন্দোলন ও কোস্ট ফাউন্ডেশন এর উদ্যোগে টেকনাফ উপজেলার হীলা স্টেশনে একটি মানবন্ধনের আয়োজন করে।

১ জুন-২০২৩ বৃহস্পতিবার সকাল ১১ টার সময় হীলা বাসস্টেশন সংলগ্ন বিশ্ব পরিবেশ দিবস উপলক্ষে কোস্ট ফাউন্ডেশনের উদ্যোগে মানবন্ধন অনুষ্ঠিত হয়।

মানবন্ধনে বক্তব্য রাখেন, কোস্ট ফাউন্ডেশনের যুগ্ম পরিচালক মুজিবুল হক মনির, সহকারি পরিচালক জাহাঙ্গীর আলম, বাংলাদেশ পরিবেশ আন্দোলন (বাপা), টেকনাফ উপজেলা শাখার সভাপতি নুরুল হোসাইন, সাধারণ সম্পাদক নজরুল ইসলাম খোকন, হোয়াইক্যাং সহ-ব্যবস্থাপনা কমিটির সভাপতি আলমগীর চৌধুরী, কানজরপাড়া উচ্চ বিদ্যালয়ের প্রধান শিক্ষক রফিকুল ইসলাম।

মানবন্ধনে উপস্থিত ছিলেন, কক্সবাজার দৈনিক কক্সবাজার নিউজ ৭১ এর সহ-সম্পাদক তাহের নায়েম, টেকনাফ উপজেলা প্রেসক্লাবের সেক্রেটারি নাছির উদ্দীন রাজ, সাংবাদিক হুমায়ুন রশিদ, সামাজিক সংযোগ কমিটির সদস্য আব্দুর রহমান হাশেম, খোরশেদ আলম, রেজাউল করিম এবং হীলা একাদশের সদস্যবৃন্দ।

মানবন্ধনে বক্তারা ক্যাম্পে প্লাস্টিকের ব্যবহার বন্ধের জোর দাবী তোলেন এবং সুপেয় পানির সংকট প্রতিরোধে ভূ-উপরিষ্ক পানি ব্যবহারের উদ্যোগ গ্রহণে পরামর্শ প্রদান করেন। উক্ত মানবন্ধনে সার্বিক সহযোগিতায় ছিলেন কোস্ট ফাউন্ডেশন এর ফিল্ড কোর্ডিনেটর আহাম্মদ উল্লাহ এবং জুলফিকার হোসাইন।

আপনার মতামত লিখুন :

Leave a Reply

Comment *

Name *